পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর,নীলফামারী

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নীলফামারী
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ – ৩০ জুন, ২০২৪

# সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সদর, নীলফামারী

এবং

জেলা প্রানিসম্পদ কর্মকর্তা, নীলফামারী

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর, নীলফামারী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Performance Overview of the Upazila Livestock Office & Veterinary Hospital, Sadar, Nilphamari)

### সাম্প্রতিক অর্জন , চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ:**

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রযাত্রায় প্রাণিসম্পদ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে এখাতে রয়েছে অভাবনীয় সাফল্য। এ ধারাবাহিকতায় ইতোমধ্যে বাংলাদেশ মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৪৩% এবং প্রবৃদ্ধির হার ৩.০৪% (বিবিএস, ২০২১)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান ১৩.৪৪%। তাছাড়া ২০১৯-২০ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৪৬,৬৭৩ কোটি টাকা যা বিগত ২০১৮-১৯ অর্থ বছরের তুলনায় ৩,৪৬১ কোটি টাকা বেশি (বিবিএস, ২০২১) । অধিকন্তু ২০১৯-২০ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪,৪৮৩.৭৭ কোটি টাকা (ইপিবি, ২০১৯-২০)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে প্রায় ৭%, ১৪% ও ১২% বৃদ্ধি পেয়েছে। তাই বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২৬.২০ গ্রাম/দিন, ১৭৫.৬৩ মি.লি/দিন ও ১০৪.২৩ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ প্রেক্ষাপটে বিগত তিন বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর, নীলফামারী এর অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০২০-২০২১ | ২০২১-২২ | ২০২২-২০২৩ |
|---|---|---|---|
| মাংস (মেট্রিক টন) | ২৩৯০০ | ২২০০০ | ২২৫০০ |
| দুধ (মেট্রিক টন) | ১৫৪০০ | ২০০০০ | ২২৫০০ |
| ডিম (লক্ষ টি) | ৪০০ | ৪০০০ | ৪০১.৫ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার সংকট, লাগসই প্রযুক্তির অভাব, অসচেতনতার, প্রণোদনামূলক উদ্যোগের সংকট, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

মুজিব বর্ষের কর্মপরিকল্পনা, সরকারের নির্বাচনী অঙ্গীকার, অষ্টম পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা, ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন এবং ২০৪১ সালে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠায় প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে। দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন গরুর জাত উন্নয়ন করা হবে। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন, উৎপাদন উপকরণ এবং প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন করা হয়েছে। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ট জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্ক্ষিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট SDG-এর ৯টি অভীষ্ট ও ২৮টি লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে যা সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**২০২২-২০২৩ অর্থ বছরে অত্র দপ্তরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- গবাদিপশুর জাত উন্নয়ন ও সংরক্ষণে ১৩৯২০ টি গাভী/বকনা কে কৃত্রিম প্রজনন করা;
- রোগ প্রতিরোধে ৬০০৫৩৬ টি গবাদিপশু-পাখিকে কে টিকা প্রদান;
- মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং পশুখাদ্য বিধিমালা, ২০১৩ বাস্তবায়নে ৯২ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ৫৫ টি উঠান বৈঠক পরিচালনা করা;
- গবাদিপশু ও হাঁসমুরগির খাদ্যে ও অন্যান্য প্রাণিজাত পণ্যের গুনগত মান নিয়ন্ত্রণে ০৩ টি মোবাইল কোর্ট পরিচালনা করা;
- জীব নিরাপত্তা ও নিরাপদ প্রাণিজ খাদ্য নিশ্চিতকল্পে খামারী পর্যায়ে ০৫ টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং ০৩ টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করা;
- মাংস প্রক্রিয়াজাতকারীদের দক্ষতা বৃদ্ধির জন্য মোট ২০ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) কে প্রশিক্ষণ প্রদান করা।

## সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদি পশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি

২. গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা

৫. গবাদি পশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

১. দুধ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা

২. গবাদি পশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

৩. গবাদি পশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ

৪. গবাদি পশু-পাখির পুষ্টি উন্নয়ন

৫. গবাদি পশু-পাখির জাত উন্নয়ন

৬. প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন

৭. গবাদি পশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন

৮. গবাদি পশু-পাখির কৌলিকমান সংরক্ষণ ও উন্নয়ন

9. প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন

## সেকশন ২:

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ

(মোট মান-৭০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (system of counting) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/নির্ণায়ক: ২০২২-২৩ | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৩-২৪ | প্রক্ষে (Pr cti ২০২ ২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| ১.গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২০.০০ | ১.১ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | | সংখ্যা (টি) | ১৩.০০ | ১২৮৭৬ | ১৩৯৬০ | ৬,০১৭ | ৫,৪১৫ | ৪,৮১৪ | ৪,২১২ | ৩,৬১০ | ৬,২০০ | ৬,৪ |
| | | ১.২ সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | তথ্য সংগৃহীত বাছুর | | সংখ্যা (টি) | ৭.০০ | ৪২৭৯ | ৩৬৪০ | ২,৫২৫ | ২,২৭৩ | ২,০২০ | ১,৭৬৮ | ১,৫১৫ | ২,৬০০ | ২,৭ |
| ২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৮.০০ | ২.১ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখির সংখ্যা | | সংখ্যা (লক্ষ টি) | ৮.০০ | ৬৯৮৯২৫৮ | ৮০০৫৩৬ | ৫,৯০০ | ৫.৩১০ | ৪.৭২০ | ৪.১৩০ | ৩.৫৪০ | ৬.১০ | ৬. |
| | | ২.২ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত গবাদিপশু | | সংখ্যা (টি) | ৪.০০ | ২৪০০০ | ২৪০৩২ | ২৩,০০০ | ২০,৭০০ | ১৮,৪০০ | ১৬,১০০ | ১৩,৮০০ | ২৩,৫০০ | ২৪, |
| | | ২.৩ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত | | সংখ্যা (লক্ষ টি) | ৪.০০ | ১৩৪ | ১.৩০৪ | ১.৩৩০ | ১.১৯৭ | ১.০৬৪ | ০.৯৩১ | ০.৭৯৮ | ১.৩৪০ | ১.৩ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা র পদ্ধতি (system of counting) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ | প্র (P c ২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | | হাঁসমুরগি | | | | | | | | | | | | |
| | | ২.৪ পোষাপ্রাণির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পোষা প্রাণি | | সংখ্যা (টি) | ৩.০০ | ২০ | ২০ | ২০ | ১৪ | ১৩ | ১১ | ১০ | ১৮ | |
| | | ২.৫ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | | সংখ্যা (টি) | ৪.০০ | ৯৮ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১১০ | |
| | | ২.৬ গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিলান্সকৃত সংখ্যা | | সংখ্যা (টি) | ২.০০ | ১৭ | ১৭ | ১৮ | ১৬ | ১৪ | ১৩ | ১১ | ১৯ | |
| | | ২.৭ ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | | সংখ্যা (টি) | ৩.০০ | ৪ | ৭ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | |
| ৩. মানবসম্পদ উন্নয়ন ও | ১০.০০ | ৩.১ খামারিদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত খামারি | | জন (সংখ্যা) | ৩.০০ | ১০০ | ৫০০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৫৫০ | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনার পদ্ধতি (system of counting) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০২২-২৩ | | | | | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ | প্রে (Pr cti ২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | | ৩.২ মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারী | | জন (সংখ্যা) | ১.০০ | ৩০ | ২৫ | ২৫ | ২৩ | ২০ | ১৮ | ১৫ | ৩০ | [illegible] |
| | | ৩.৩ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | | সংখ্যা (টি) | ২.০০ | ৫৫ | ৫৪ | ৫৪ | ৪৯ | ৪৩ | ৩৮ | ৩২ | ৫৬ | [illegible] |
| | | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | | জন (সংখ্যা) | ২.০০ | ৬০০ | ৬০০ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৬২০ | [illegible] |
| | | ৩.৪ স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | স্থায়ী ঘাস চাষকৃত জমি | | একর | ২.০০ | ১১ | ১২ | ১২.০০ | ৯.৯০ | ৮.৮০ | ৭.৭০ | ৬.৬০ | ১২.০০ | ১৩ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | ১২.০০ | ৪.১ খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | | সংখ্যা (টি) | ৩.০০ | ৯০ | ৯২ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯২ | [illegible] |
| | | ৪.২ পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিস্ট্রিকৃত পোল্ট্রি খামার | | সংখ্যা (টি) | ৩.০০ | ৫ | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | ৩ | ৬ | [illegible] |
| | | ৪.৩ গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিস্ট্রিকৃত গবাদিপশুর খামার | | সংখ্যা (টি) | ৩.০০ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৪ | [illegible] |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনার পদ্ধতি (system of counting) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০২২-২৩ | | | | | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ | প্রক্ষেপ (Projection) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | ২২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | ৪.৪ প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | | সংখ্যা (টি) | ৩.০০ | ২ | ৩ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |

*সাময়িক

আমি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর, নীলফামারী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নীলফামারী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নীলফামারী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর, নীলফামারী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

---------------------------------

(ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
সদর, নীলফামারী।

২১/০৬/২০২৩খ্রিঃ
তারিখ

---------------------------------

(ডা. মোঃ মোনাক্কা আলী)
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
জেলা প্রাণিসম্পদ দপ্তর
নীলফামারী।

২১/০৬/২০২৩খ্রিঃ
তারিখ

সংযোজনী-১

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যাক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান<br>(Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো<br>(Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর<br>(Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো<br>(Export Promotion Bureau) |
| ৬. | জিডিপি | মোট দেশজ উৎপাদন<br>(Gross Domestic Product) |
| ৭. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>(Ministry of Fisheries and Livestock) |
| ৮. | এনজিও | বেসরকারি সংস্থা<br>(Non Government Organization) |
| ৯. | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট<br>(Sustainable Development Goal) |
| ১০. | টিএমআর | টোটাল মিক্সড রেশন<br>(Total Mixed Ration) |

সংযোজনী

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ ম |
|---|---|---|---|---|---|---|
| ১. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্ট সমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা এবং প্রকল্প কার্যক্রম | প্রজননকৃত গবাদিপশুর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন অর্থনৈতিক সমীক্ষা |
| ২. | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | সম্প্রসারণ শাখা | সংকর জাতের উৎপাদিত বাছুরের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৩. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে। | সম্প্রসারণ শাখা | টিকা প্রয়োজকৃত গবাদিপশুর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন অর্থনৈতিক সমীক্ষা |
| ৪. | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশুর | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | চিকিৎসাকৃত গবাদিপশুর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন অর্থনৈতিক সমীক্ষা |
| ৫. | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | চিকিৎসাকৃত হাঁস-মুরগির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন অর্থনৈতিক সমীক্ষা |
| ৬. | পোষাপ্রাণির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পোষাপ্রাণি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত পোষাপ্রাণির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | চিকিৎসাকৃত পোষাপ্রাণির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ৭. | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে বিভিন্ন প্রকার নমুনা সংগ্রহ করে সিডিআইএল বা নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | সম্প্রসারণ শাখা | প্রেরীত নমুনার সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদ |
| ৮. | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত সংখ্যা | উপজেলা পর্যায় থেকে খামারে বা খামারির বাড়িতে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমন হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | সম্প্রসারণ শাখা | গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স এর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদ |
| ৯. | ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্প | জনগণের দোরগোড়ায় গবাদিপশু পাখির চিকিৎসা সেবা পৌঁছে দেয়ার জন্যে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের উদ্যোগে প্রতি উপজেলায় মাসে ১টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হবে। এসময় বিনামূল্যে গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান, ঔষধ ও কৃমিনাশক সরবরাহ, টিকা প্রদান এবং অন্যান্য পরামর্শ প্রদান করা হবে। | সম্প্রসারণ শাখা | স্থাপনকৃত ভেটেরিনারি ক্যাম্পের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবে |
| ১০. | খামারিদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারি | মাঠ পর্যায়ের খামারিদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উল্লেখ্য যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় খামারি প্রশিক্ষণসমূহ এ কার্যক্রমের আওতাভুক্ত থাকবে। | সম্প্রসারণ শাখা এবং প্রকল্প কার্যক্রম | প্রশিক্ষণপ্রাপ্ত খামারির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবে |
| ১১. | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত মাংস | মাঠ পর্যায়ে বিভিন্ন গবাদিপশুর জবাইখানায় সঠিক এবং স্বাস্থ্যসম্মত উপায়ে পশু জবাই, চামড়া ছাড়ানো, মাংস সংরক্ষণ ও বিক্রয়, জবাই খানার প্রাণিজ উপজাত (রক্ত, হাড়, ক্ষুর, পাকস্থলি | সম্প্রসারণ শাখা এবং প্রকল্প কার্যক্রম | প্রশিক্ষণপ্রাপ্ত মাংস প্রক্রিয়াজাতকারীর | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবে |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্ত |
|---|---|---|---|---|---|---|
| | | প্রক্রিয়াজাতকারী | প্রভৃতি) সংরক্ষণ ইত্যাদি বিষয়ে মাংস প্রক্রিয়াজাতকারীদের (কসাই) প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এ প্রশিক্ষণটি নিরাপদ মাংস উৎপাদনে জনস্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরিচালিত হয়ে থাকে। | | সংখ্যা | |
| ১২. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে সাধারণ উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | সম্প্রসারণ শাখা | আয়োজিত উঠান বৈঠকের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | সম্প্রসারণ শাখা | উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৩. | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ | স্থায়ী ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান এবং ভুট্টা উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীর পরামর্শে স্থায়ী ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | সম্প্রসারণ শাখা | স্থায়ী ঘাস চাষকৃত জমির পরিমাণ | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৪. | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস | পরিদর্শনকৃত খামার/ফিডমিল/হ্যাচারির সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৫. | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিস্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুণগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক পোল্ট্রি খামারের (ব্রয়লার,লেয়ার, হাঁস, হ্যাচারী/প্যারেন্টস্টক) রেজিস্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | সম্প্রসারণ এবং খামার শাখা, ডিএলএস | রেজিস্ট্রিকৃত পোল্ট্রি খামারের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৬. | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন | রেজিস্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার এবং খামারের গুণগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক গরু, ছাগল/ভেড়া ও মহিষের খামারের রেজিস্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | সম্প্রসারণ এবং খামার শাখা, ডিএলএস | রেজিস্ট্রিকৃত গবাদি পশুর খামারের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন |
| ১৭. | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিজাত পণ্য, পশুখাদ্যের ভেজাল, বিভিন্ন রাসায়নিক অপদ্রব্য বা ফরমালিন মিশ্রিতকরণ রোধে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং পুলিশ/র‍্যাব বাহিনীর সদস্যদের সহযোগিতায় হাট-বাজার, পশুখাদ্য মজুদাগার, পশুখাদ্য কারখানা, প্রাণিজাত পণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান প্রভৃতি স্থানে অভিযান পরিচালনা করা হয়। | ডি.এল.এস, উপজেলা, জেলা এবং বিভাগীয় দপ্তর | পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদ অর্থনৈতিক সমী |

সংযোজনী -৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| সরকারি | মন্ত্রিপরিষদ বিভাগ ও জননিরাপত্তা বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | সহযোগিতা অব্যাহত থাকা এবং বৃদ্ধিকরণ | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া সাপেক্ষে অধিক সংখ্যক অভিযান পরিচালনা করা যাবে। |